**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 09-02-2026** **Time : 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, শিক্ষা শুধুমাত্র ব্যক্তির বিকাশের জন্যই নয়, সামাজিক জীবনের অগ্রগতির জন্যও সমানভাবে প্রয়োজনীয়। # তিনি আজ ‘পরীক্ষা পে চর্চা’র নবম সংস্করণ-এর দ্বিতীয় পর্বে দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করেন।

২/ আসন্ন বিধানসভা নির্বাচনে গণনা প্রক্রিয়া শুধুমাত্র জেলাশাসকের দফতরগুলিতে সীমাবদ্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। নির্বাচন কমিশন। # রাজ্যের পাঠানো গণনা কেন্দ্রের তালিকা খারিজ করে কমিশন প্রাথমিকভাবে ১১৪টি কেন্দ্র চূড়ান্ত করেছে।

৩/ রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে এবার নিজস্ব লোগোযুক্ত নির্দিষ্ট ফরম্যাটের ভোটার স্লিপ বিলি বাধ্যতামূলক করছে কমিশন।

৪/ নির্বাচন-সংক্রান্ত দায়িত্বে থাকা পুলিশ কর্মীদের বদলি প্রক্রিয়া, দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর।

৫/ বিধানসভার অধ্যক্ষের জারি করা নিরাপত্তা রক্ষী বিষয়ক বিজ্ঞপ্তি সব বিধায়কের জন্যই প্রযোজ্য হওয়া উচিত বলে জানিয়েছে কলকাতা হাইকোর্ট।

৬/ ইডেনে আজ T-20 ক্রিকেট বিশ্বকাপের গ্রুপ সি ম্যাচে, স্কটল্যান্ড ইতালির সামনে জয়ের জন্য ২০৮ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

******************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, শিক্ষা শুধুমাত্র ব্যক্তির বিকাশের জন্যই নয়, সামাজিক জীবনের অগ্রগতির জন্যও সমানভাবে প্রয়োজনীয়।

তিনি আজ ‘পরীক্ষা পে চর্চা’র নবম সংস্করণ ২০২৬-এর দ্বিতীয় পর্বে দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করেন।

প্রধানমন্ত্রী ছাত্রছাত্রীদের দৈনন্দিন জীবনে খেলাধুলাকে আবশ্যিক করার পরামর্শ দেন। পরীক্ষার্থীদের তিনি শান্ত ও স্থির থাকার পরামর্শ দিয়ে বলেন, প্রত্যহ তাঁরা যেন অন্তত একবার, প্রাণায়াম অভ্যাস করেন।

( বাইট- PM/ CALM-শান্তি )

'ভোকাল ফর লোকাল'-র উদ্যোগের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশে তৈরী পণ্য, অভ্যন্তরীণ অর্থনীতিকে মজবুত করছে।

( বাইট- PM/ ভোকাল ফর লোকাল )

শ্রী মোদী বলেন, নাগরিকদের প্রতিটি ক্ষুদ্র পদক্ষেপ, ২০৪৭-এ বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে সহায়তা করবে।

এ রাজ্যের বহু স্কুলে এই অনুষ্ঠান দেখানোর ব্যবস্থা করা হয়। পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় নম্বর ওয়ান সল্টলেক স্কুলের ছাত্রী শ্রিদীপা রয় পরীক্ষার আগে মানসিক চাপ দূর করতে এবং পুঁথিগত পড়াশোনার বাইরেও নিজের ইচ্ছাকে গুরুত্ব দেওয়ার যে কথা প্রধানমন্ত্রী বলেছেন তা তাদের অনুপ্রাণিত করবে বলে জানান।

( বাইট- PM/ শ্রীদীপা )

*********************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনে স্বচ্ছতা ও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে নির্বাচন কমিশন, গণনা প্রক্রিয়া শুধুমাত্র জেলাশাসকের দফতরগুলিতে সীমাবদ্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। সংশ্লিষ্ট জেলাশাসকের কার্যালয়ে পর্যাপ্ত জায়গা না থাকলে বিকল্প হিসেবে এসডিও দপ্তরে গণনার ব্যবস্থা করা হবে।

প্রাথমিকভাবে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে ১৫০টি গণনা কেন্দ্রের তালিকা, নির্বাচন কমিশনের কাছে পাঠানো হয়েছিল বলে জানা গেছে। তবে সেই প্রস্তাব খারিজ করে কমিশন নতুন করে কেন্দ্র নির্ধারণ করেছে। আপাতত ১১৪টি গণনা কেন্দ্র চূড়ান্ত করা হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে।

*********************************************************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে ত্রুটি ও পক্ষপাতের অভিযোগ আটকাতে নির্বাচন কমিশন, ভোটার স্লিপ বিলি নিয়ে আরও কঠোর অবস্থান নিচ্ছে। এবারের নির্বাচনে, কমিশনের নিজস্ব লোগোযুক্ত নির্দিষ্ট ফরম্যাটের ভোটার স্লিপ বিলি বাধ্যতামূলক করা হয়েছে। সেই স্লিপে সংশ্লিষ্ট ভোটারের নাম, ভোটার পরিচয়পত্র নম্বর, পার্ট নম্বর এবং বুথ নম্বরের মতো গুরুত্বপূর্ণ তথ্য থাকবে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, এধরনের নির্দেশিকা আগেও জারি করা হয়েছিল। কিন্তু ২০২৪ সালের লোকসভা নির্বাচনে তা কার্যকরভাবে মানা হয়নি। সে সময় বহু ক্ষেত্রে রাজনৈতিক দলের কর্মীরাই নিজেদের দলীয় চিহ্নযুক্ত স্লিপ বিলি করেছিলেন। ফলে নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন ওঠে। সেই অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে এবার কমিশন স্লিপ বিতরণ প্রক্রিয়াকে সম্পূর্ণভাবে নিজেদের নিয়ন্ত্রণে আনতে উদ্যোগী হয়েছে।

নতুন নির্দেশিকা অনুযায়ী, ভোটার স্লিপ বিলির দায়িত্ব থাকবে বুথ লেভেল আধিকারিকদের উপরই। তাঁদের মাধ্যমেই কমিশনের নির্ধারিত স্লিপ ভোটারদের হাতে পৌঁছে দিতে হবে। এতে ভোটারদের কাছে নির্ভুল তথ্য পৌঁছবে এবং বিভ্রান্তির সম্ভাবনাও কমবে বলে মনে করছে কমিশন।

***************************************************************

আসন্ন বিধানসভা ভোটকে সামনে রেখে নির্বাচন-সংক্রান্ত দায়িত্বে থাকা পুলিশ কর্মীদের বদলি প্রক্রিয়া, দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। স্বরাষ্ট্র দপ্তরকে আগামী ১৫ই ফেব্রুয়ারির মধ্যে এই প্রক্রিয়া সম্পূর্ণ করে সেই সংক্রান্ত রিপোর্ট কমিশনকে পাঠাতে হবে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে এব্যাপারে স্বরাষ্ট্র সচিবকে চিঠি পাঠানো হয়েছে।

***************************************************************

সুপ্রিম কোর্টে আজ পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশন ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দায়ের করা মামলার ফের শুনানি। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চ-এ দুপুর ২'টোয় শুনানি শুরু হবে।

এর আগে গত ৪ তারিখ SIR নিয়ে মুখ্যমন্ত্রীর আপত্তির বিষয়ে নির্বাচন কমিশনের বক্তব্য জানতে চায় সর্বোচ্চ আদালত। এব্যাপারে কমিশনকে **নোটিশ'ও জারি করা হয়।** পাশাপাশি, কেন্দ্রীয় আধিকারিকদের মাইক্রো অবসার্ভার হিসেবে নিয়োগ করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর অভিযোগের প্রেক্ষিতে সর্বোচ্চ আদালত, যারা লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির সমস্যা মেটাতে কাজ করবেন, এমন গ্রুপ-বি আধিকারিকদের নামের তালিকা রাজ্যের কাছে চেয়ে পাঠায়।

এদিকে, রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার, SIR প্রক্রিয়াকে নষ্ট করার চেষ্টা চালাচ্ছে বলে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন।

( বাইট- শমীক )

***************************************************************

অধ্যক্ষের জারি করা নিরাপত্তা রক্ষী বিষয়ক বিজ্ঞপ্তি সব বিধায়কের জন্যই প্রযোজ্য হওয়া উচিত বলে জানিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে আজ বিধানসভার ভিতরে কেন্দ্রীয় বাহিনী নিয়ে প্রবেশের আর্জি জানিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর দায়ের করা মামলার শুনানি হয়। বিচারপতি জানান, এই মূহুর্তে আদালত এই মামলার ভেতরে ঢুকতে চায়না। তবে, মামলার পরবর্তী শুনানির আগে বিধানসভার ভিতরে মুখ্যমন্ত্রীর নিরাপত্তার ক্ষেত্রেও নিয়মের ব্যাতিক্রম হওয়া উচিত নয় বলে তিনি মন্তব্য করেন।

আজ এই মামলার শুনানির সময় রাজ্যের এডভোকেট জেনারেল কিশোর দত্ত জানান, রাজ্যের মুখ্যমন্ত্রী ও বিধানসভার স্পিকারের পদ সাংবিধানিক পদ। ফলে বিধানসভায় মুখ্যমন্ত্রীর নিরাপত্তা রক্ষী নিয়ে প্রবেশে আদালত অবমাননাকর কিছু হচ্ছেনা। এখানে চারটি সাংবিধানিক পদ রয়েছে - মুখ্যমন্ত্রী, বিধানসভার স্পিকার, বিচারপতি এবং এডভোকেট জেনারেল। বিরোধী দলনেতা নিজেকে সাংবিধানিক পদের সমান বলে দাবি করতে পারে না।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আইনজীবী আদালতে জানান, নিরাপত্তা রক্ষী নিয়ে বিধানসভায় ঢোকার সুযোগ কেন শ্রী অধিকারী পাচ্ছেন না, সে বিষয়ে রাজ্যের পক্ষ থেকে কোন সদুত্তর দেওয়া হয়নি। রাজ্য সরকারের বিরুদ্ধে রুল জারি করার দাবী জানান তিনি।

২৭শে এপ্রিল পর্যন্ত এই মামলার শুনানি মুলতবি থাকবে বলে জানিয়েছেন বিচারপতি।

*******************************************************************

তৃণমূল কাউন্সিলার রবীন্দ্রনাথ ভট্টাচার্যের শাস্তির দাবীতে বিজেপি নেতা অর্জুন সিং এর নেতৃত্বে বিজেপি কর্মীরা ব্যারাকপুর মহকুমা আদালতের সামনে পথ অবরোধ ও বিক্ষোভে সামিল হয়েছে।

উল্লেখ্য, ব্যারাকপুরে মনিরামপুরে বেআইনি নির্মাণের প্রতিবাদ করায় তুলসী অধিকারী নামে এক বৃদ্ধকে মারধর করার অভিযোগ ওঠে তৃণমূল কাউন্সিলর রবীন্দ্রনাথ ভট্টাচার্যের বিরুদ্ধে। মৃত্যু হয় ওই বৃদ্ধের। এই ঘটনায় রবীন্দ্রনাথ ভট্টাচার্যকে গ্রেপ্তার করে পুলিশ। আজ তাকে ব্যারাকপুর আদালতে তোলা হয়েছে।

*******************************************************************

কয়লা পাচার কান্ডের তদন্তে বর্ধমানের বুদবুদ থানার ওসি মনোরঞ্জন মন্ডলকে জিজ্ঞাসাবাদের জন্য ইডি তলব করেছে। একইসঙ্গে এই মামলায় অন্যতম অভিযুক্ত অনুপ মাজি ঘনিষ্ঠ চিন্ময় মন্ডলকেও তলব করা হয়েছে, সিজিও কমপ্লেক্সে। তারা এখন'ও হাজিরা দেননি বলে খবর।

*******************************************************************

বাঁকুড়ার ওন্দায় মাধ্যমিক পরীক্ষা দিতে যাওয়ার সময় পথ দুর্ঘটনায়  গুরুতর জখম হয়েছে এক পরীক্ষার্থী। কৃষ্ণ রানা নামে ওই পড়ুয়া আজ সকালে কালিসেন থেকে টোটোতে চেপে ওন্দা হাইস্কুলে পরীক্ষা দিতে যাওয়ার সময়, জাতীয় সড়কে একটি গাড়ির সঙ্গে সংঘর্ষ হয়। আহত অবস্থায় প্রথমে তাঁকে ওন্দা সুপার স্পেশালিটি হাসপাতাল পরে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা  হয়েছে।

*******************************************************************

বন্ডেড লেবার এবোলিশন আইন ১৯৭৬ এর সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে গভরনমেন্ট রেলওয়ে পুলিশ, ওয়েস্ট বেঙ্গল আজ দুপুরে এক আলোচনা সভার আয়োজন করেছে। হাওড়া স্টেশনে তাঁদের দপ্তরে এই সভায় বক্তব্য রাখবেন রেলওয়ে ম্যাজিস্ট্রেট নীলাদ্রি কুমার নাথ, মানবাধিকার কর্মী ইমতিয়াজ ভারতী প্রমূখ।

*******************************************************************

অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ'-এর তত্ত্বাবধানে মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে, পূর্বাঞ্চল আন্তঃবিশ্ববিদ্যালয় মহিলা ফুটবল প্রতিযোগিতার চলছে। গতকাল উদ্বোধনী অনুষ্ঠানে ছিলেন আইএফএ-র সভাপতি অজিত বন্দ্যোপাধ্যায়, প্রাক্তন ফুটবলার প্রশান্ত বন্দ্যোপাধ্যায়, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দীপক

কর সহ অন্যরা। হিন্দু বিশ্ববিদ্যালয়, কলকাতা বিশ্ববিদ্যালয়, মণিপুর বিশ্ববিদ্যালয়, ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়-সহ পূর্বাঞ্চলের ২৭টি বিশ্ববিদ্যালয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। চলবে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত।

*******************************************************************

ইডেনে আজ টি টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে গ্রুপ সি-র ম্যাচে স্কটল্যান্ড ইতালির সামনেজয়ের জন্য ২০৮ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। এর আগে ইতালি টসে জিতে স্কটল্যান্ড-কে প্রথমে ব্যাট করতে পাঠায়। স্কটল্যান্ড নির্ধারিত ২০ ওভারে চার উইকেটে ২০৭ রান করে। শেষ খবর পাওয়া পর্যন্ত ইতালি, ১৪ ওভারে পাঁচ উইকেটে ১২৯ রান করেছে।

কলম্বোর সিংহলিস স্পোর্টস ক্লাব মাঠে গ্রুপ বি-র ম্যাচে জিম্বাবোয়ে, ওমানের মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল তিনটেয়।

অন্যদিকে, আমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে গ্রুপ ডি- র আর একটি ম্যাচে দক্ষিণ আফ্রিকা, কানাডার বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

*******************************************************************

কল্যাণীতে পাঁচদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালের আজ চতুর্থ দিনে অন্ধ্র প্রদেশের বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে এ পর্যন্ত ৯ উইকেটে ৫৭৪ রান করেছে। সুদীপ ঘরামি ২৯৯ ও হাবিব গান্ধী ৯৫ রানে আউট হয়েছেন। বাংলা এখন ২৮৩ রানে এগিয়ে আছে। অন্ধ্রপ্রদেশ প্রথম ইনিংসে করেছিল ২৯৫ রান।

************************

কলকাতা সহ রাজ্যে সর্বত্র শীতের আমেজ অব্যাহত। আগামী সাতদিন সব জায়গায় শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলে পূর্বাভাসে জানানো হয়েছে। দক্ষিণবঙ্গে দুদিন পর থেকে তাপমাত্রা বর্তমানের চেয়ে দুই থেকে তিন ডিগ্রি বাড়ার সম্ভাবনা।

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ১ ডিগ্রী কম।

*******************************************************************